

জল

জলের দিকে বাড়াও হাত, সে দেবে কিছু বিদ্যুৎ,
হাত বাড়াও, পেতেও পারো অঁজলা ভরা স্বপ্ন,
বুক জুড়োনোর শীতলতা, রঙে চোরা জোয়ার
নৌকাডুবির দুঃখে বোবা শান্ত, সবুজ জল।
সে জল তোমার স্তব্ধতার সজল প্রতিনিধি,
দৃষ্টিতে সে ঘট ভরেছে থমকে থাকা কান্নার,
দিনের শেষে ভাসিয়ে ভুল, দুঃখ, সফলতা
মগ্ন গলায় বলেছে জল শান্তি শান্তি শান্তি।

অমিতাভ দাশগুপ্ত

